# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ **১১৪১**

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ **১১২.** যিনি বলেন, তার উপর কাফফারাহ ওয়াজিব

## بَاب مَنْ قَالَ عَلَيْهِ الْكَفَّارَةُ

আরবী

أَخْبَرَنَا سَعِيدُ بْنُ عَامِرٍ عَنْ شُعْبَةَ عَنْ الْحَكَمِ عَنْ عَبْدِ الْحَمِيدِ عَنْ مِقْسَمٍ عَنْ ابْنِ عَبَّاسٍ فِي الَّذِي يَغْشَى امْرَأَتَهُ وَهِيَ حَائِضٌ يَتَصَدَّقُ بِدِينَارٍ أَوْ نِصْفِ دِينَارٍ قَالَ شُعْبَةُ أَمَّا حِفْظِي فَهُوَ مَرْفُوعٌ وَأَمَّا فُلَانٌ وَفُلَانٌ فَقَالَا غَيْرُ مَرْفُوعٍ فَقَالَ بَعْضُ الْقَوْمِ حَدِّثْنَا بِحِفْظِكَ وَدَعْ مَا قَالَ فُلَانٌ وَفُلَانٌ فَقَالَ وَاللَّهِ مَا أُحِبُّ أَنِّي عُمِّرْتُ فِي الدُّنْيَا عُمُرَ نُوحٍ وَأَنِّي حَدَّثْتُ بِهَذَا أَوْ سَكَتُّ عَنْ هَذَا قَالَ أَبُو مُحَمَّد عَبْدُ الحَمِيدِ بْنُ زَيْدِ بْنِ عَبْدِ الرَّحمَنِ بْنِ زَيدِ بْنِ الخَطَّابِ وَكَانَ وَالِيَ عُمَرَ بْنِ عَبْدِ الْعَزِيزِ عَلَى الْكُوفَةِ

বাংলা

**১১৪১.** (অপর সনদে) মিকসাম হতে, ’যে ব্যক্তি তার হায়িযগ্রস্ত স্ত্রীর সাথে মিলিত হয়, এমন ব্যক্তি সম্পর্কে ইবনু আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা হতে বর্ণিত হয়েছে যে, সে এক দীনার কিংবা ’অর্ধ দীনার’ সাদাকা করবে।’[1]

শু’বাহ বলেন, আমার যতটা স্মরণ আছে, এটি মারফু’ হিসেবেই বর্ণিত। কিন্তু, অমুক ও অমুক ব্যক্তিদ্বয় একে ’গয়রে মারফু’ বলেছেন।

লোকদের কেউ বললো, অমুক অমুকের কথা বাদ দিন, আপনি আপনার স্মৃতি (বা মুখস্ত) থেকেই আমাদের নিকট হাদীস বর্ণনা করুন।

তখন তিনি বলেন, আল্লাহর কসম! আমার নিকট এটি পছন্দনীয় নয় যে, আমি নূহ আলাইহিস সালামের মত দীর্ঘজীবন লাভ করি এবং (আজীবন) এ হাদীস আমি বর্ণনা করে যাই। নতুবা (আমার নিকট পছন্দনীয় হলো) এ ব্যাপারে আমি চুপ করে থাকি।আবু মুহাম্মদ বলেন: আব্দুল হামীদ ইবনু যাইদ ইবনু আব্দুর রহমান ইবনু যাইদ ইবনু খাত্তাব, তিনি উমার ইবনু আব্দুল আযীয কর্তৃক নিযুক্ত কুফার গভর্ণর ছিলেন।

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: ইবনুল জারুদ, আল মুনতাকা নং ১০৯; পূর্ণ তাখরীজের জন্য আগের হাদীসটি দেখুন। এছাড়া দেখুন মুসনাদুল মাউসিলী নং ২৪৩২।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ মিকসাম (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=81424

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন